ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৬৪৭

আগরতলা, ৩০ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"সরকারী ব্যবস্থা না থাকায় রোগীর রোগ পরীক্ষায়ও আউটসোর্সিং," এই শিরোনামে গত ২৯ আগস্ট, ২০২৫ তারিখে দৈনিক সংবাদে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের তরফ থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে,রোগী কল্যাণ সমিতির গভর্নিং বডির বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুসারে,কিছু দুর্লভ ও বিশেষ পরীক্ষার ক্ষেত্রে, যা বর্তমানে সরকারি ব্যবস্থাপনায় তাৎক্ষণিকভাবে ব্যবস্থা করা সম্ভব হচ্ছে না, এই ধরনের কিছু বিশেষ পরীক্ষা স্বচ্ছ নীতির মাধ্যমে বেসরকারি আউটসোর্সিং এজেন্সির সাহায্যে সম্পাদিত হবে। এক্ষেত্রে এবি-পিএমজেএওয়াই, সিএম-জেএওয়াই ও বিপিএল তালিকাভুক্তঅন্তর্বিভাগের রোগীদের জন্য এই পরীক্ষাগুলি সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে।অন্যান্য রোগীরা ইচ্ছা করলে এই পরীক্ষাগুলি আউটসোর্সিং এজেন্সির মাধ্যমে নিজস্ব খরচে করাতে পারবেন। সংবাদে যেভাবে উপস্থাপন করা হয়েছে যে, সরকারি ব্যবস্থার অভাবে রোগ নির্ণয়ের ক্ষেত্রে আউটসোর্সিং ব্যবস্থা চালু করা হয়েছে, তা বিভ্রান্তিকর। এটি সরকারি পরিষেবার পরিপূরক উদ্যোগ, যাতে রোগীরা দ্রুত ও নির্ভরযোগ্যভাবে চিকিৎসার সুযোগ পান। ইতিমধ্যে নতুন অত্যাধুনিক যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপনের প্রক্রিয়া চলছে। অচিরেই জিবিপি হাসপাতালের অভ্যন্তরে অধিকাংশ পরীক্ষায়ই সরকারি ব্যবস্থাপনায় করা সম্ভব হবে।

*******